গাংনীতে গরুর শিংয়ের আঘাতে আহত ১

গাংনীতে গরুর শিংয়ের আঘাতে ইজ্জান আলী (৬০) নামের একজন আহত হয়েছেন। আজ রবিবার বিকেলে গাংনী উপজেলার কসবা গ্রামে এ ঘটনা ঘটে। কৃষক ইজ্জান আলী গাংনী উপজেলার আমীর উদ্দিন শেখ এর ছেলে।

জানা যায়, তিনি গোয়াল ঘর থেকে গরু বের করার সময় গরু তার হাত বরাবর আঘাত করে। এতে তিনি গুরুতর আহত হলে তাকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

আহত ইজ্জান আলী মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

ঢাকায় নিয়োগ দেবে মধুমতি ব্যাংক

জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে মধুমতি ব্যাংক লিমিটেড। ব্যাংকটিতে ‘অফিসার’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম

অফিসার – ডেটাসেন্টার ম্যানেজমেন্ট।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

স্বীকৃত যেকোনো বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং /ইলেকট্রনিক্যাল অ্যান্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং পাস প্রার্থীরা আবেদন করতে পারবেন। প্রার্থীর ন্যূনতম তিন থেকে চার বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এর মধ্যে সার্ভার অপারেটিং

সিস্টেম/নেটওয়ার্ক ম্যানেজমেন্ট/এন্ড অফ ডে (ইওডি) অপারেশনে দুই বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্নাতকে তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়। অ্যাক্টিভ ডিরেক্টরি, এক্সচেঞ্জ মেইল,এসসিসিএম, নেটওয়ার্ক সমস্যা সমাধান বিষয়ে দক্ষতা থাকতে হবে।

কর্মস্থল

ঢাকা।

বেতন

আলোচনা সাপেক্ষে।

আবেদন প্রক্রিয়া

আগ্রহী প্রার্থীরা বিডিজবস অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ

২১ জুলাই, ২০২২।

সূত্র : বিডিজবস

মেহেরপুরের ডিসির বিরুদ্ধে মুক্তিযোদ্ধাদের ক্ষোভ

মুক্তিযোদ্ধা সংসদ কমপ্লেক্সের মিলনায়তনে ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানের অনুমতি না দেওয়ায় মেহেরপুর জেলা প্রশাসকের বিরুদ্ধে ক্ষোভের আগুন ঝাঁড়লেন মুক্তিযোদ্ধারা।

রবিবার সকাল দুপুরে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে আয়োজিত মুক্তিযোদ্ধাদের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে জেলা প্রশাসক ড. মুনসুর আলম খানের বিরুদ্ধে নানা অভিযোগ এনে ক্ষোভ প্রকাশ করেন মুক্তিযোদ্ধারা।

মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) মো: আব্দুল মালেকের সভাপতিত্বে পুনর্মিলনী অনুষ্ঠানে বক্তব্য দেন মুক্তিযোদ্ধা হারুন অর রশিদ, ওমেদ উদ্দীন, আমজাদ হোসেন, বেগম সালেহা, চাঁদ আলী, আব্দুস সাত্তার, আলী হোসেন, হায়দার আলী খান, জিল্লুর রহমান, মোফাজ্জল হোসেন।

মুক্তিযোদ্ধা হারুন অর রশিদ বলেন, দেশ আমাদের কাছে মায়ের মত, বাংলাদেশ আমার মা। দেশকে মুক্ত করতে মুক্তিযোদ্ধারা খেয়ে না খেয়ে প্রাণ বাজি রেখে যুদ্ধ করেছি। অথচ,এই মুক্তিযোদ্ধাদের কষ্টের কথা কেউ শোনেনা। আজ আমরা আমাদের জন্য তৈরী বিল্ডিংয়ে এ সভা করতে পারছিনে। ভাড়া করা যায়গায় সভা করতে হচ্ছে। না এটা কোনো মতে সহ্য করা যাবেনা।

মুক্তিযোদ্ধা চাঁদ আলী বলেন, আমাদের জন্য সরকার একটি মুক্তিযোদ্ধা কমপ্লেক্স তৈরী করেছেন। অথচ, আমাদের সভা সমাবেশ সেই ভবনে নয়, করতে হচ্ছে বাইরের ভাড়া করা যায়গায়। তিনি এর তীব্র নিন্দা জানান।

মুক্তিযোদ্ধা আলী হোসেন বলেন, মুক্তিযোদ্ধাদের জন্য তৈরী ভবনগুলো চালু করার জন্য। মুক্তিযোদ্ধাদের জন্য নির্মিত ভবনে সভা সমাবেশ করতে না দেওয়ায় চরম ক্ষোভ প্রকাশ করেন তিনি।

মুক্তিযোদ্ধা জিল্লুর রহমান বলেন, সর্বোচ্চ চেয়ারে বসে মুক্তিযোদ্ধাদের ভয় ভীতি দেখাবেন। আর যত ধরনের কুকাজ অকাজ করে যাবেন। মুক্তিযোদ্ধারা বসে সেটা দেখবে তা হবেনা। ডিসিকে উদ্দ্যেশ্য করে বলেন, আপনার কাছে দরখাস্ত করতে গেছিলেন মুক্তিযোদ্ধারা। আপনী বলেন বড় ভাইয়ের সাথে সমঝোতা করে আসেন। এটা ডিসির মত কথা আপনার? একজন অনাহত ব্যাক্তি আপনার বড় ভাই? একজন অনাহত ব্যক্তির সাথে আপোষ করে মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে সভা করতে হবে ? ছি ছি ছি। এ জন্য মুক্তিযোদ্ধাদের বিষ খেয়ে মরা উচিৎ।

সভাপতির বক্তব্যে মুক্তিযোদ্ধা ক্যাপ্টন (অব.) আব্দুল মালেক বলেন, আমরা বঙ্গবন্ধুর ডাকে সাড়া দিয়ে মুক্তিযুদ্ধ করেছি। তার সুযোগ্য কন্য শেখ হাসিনা দেশকে উন্নয়নের স্বর্ণ শিখরে পৌছে দিয়েছেন। শেখ হাসিনা আছে বলেই মুক্তিযোদ্ধাদের উন্নয়ন হচ্ছে। কিন্তু কিছু মানুষ আছে যারা শেখ হাসিনার উন্নয়নকে ¤ø◌ান করে দিচ্ছেন। কিছু হালুয়া রুটি খাওয়া হাইব্রীড অনুপ্রবেশকারী এসে সব

যায়গায় হালুয়া রুটি খাচ্ছেন আর মোজ মেরে বেড়াচ্ছেন। এদেরকে নিয়ে সাবধানে থাকতে হবে।
সাম্প্রতিক সময়ে মেহেরপুরের মুক্তিযোদ্ধা শেখ সাঈদের মৃত্যুর পর জেলা প্রশাসনের পক্ষ থেকে তাকে গার্ড অফ অনার না দেওয়ায় ক্ষোভ ও নিন্দাও জানান তিনি।

ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে জেলার বিভিন্ন এলাকার শতখানেক মুক্তিযোদ্ধা অংশ নেন।

মেহেরপুরে বঙ্গবন্ধুর শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালনের প্রস্তুতি সভা

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার(১৭ জুলাই) সকাল ১০ টার সময় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ডক্টর মোহাম্মদ মুনসুর আলম খান।

প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম, সিভিল সার্জন ডাঃ মোঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকী, অতিরিক্ত জেলা প্রশাসক নাজমুল হুদা, সদর উপজেলা নির্বাহি অফিসার আসাদুজ্জামান রিপন, গাংনী উপজেলা নির্বাহি অফিসার মৌসুমী খানম অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলী, মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি অধ্যাপক হাসানুজ্জামান মালেক।

এটা সবসময় আমার মনে থাকবে: তাইজুল

এক ম্যাচ হাতে রেখেই সিরিজ জয়ের কারণে শেষ ওয়ানডেতে পরীক্ষা- নিরীক্ষার সুযোগ পেয়েছিল বাংলাদেশ।

তবে একাদশে বড় কোনো কাটছাঁট না করে কেবল স্পিনশক্তি বাড়ায় বাংলাদেশ টিম ম্যানেজমেন্ট। পেসার শরীফুলের জায়গায় একাদশে ঠাঁই হয় স্পিনার তাইজুলের।

২৮ মাস পর একদিনের আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ খেলার সুযোগ পান তাইজুল। আর দীর্ঘসময় পর সাদা বলের দলে সুযোগ পেয়েই বাজিমাত করেছেন তাইজুল।

১০ ওভারে মাত্র ২৮ রানে ৫ উইকেট শিকার করেন তিনি। দুই বছরেরও বেশি সময় পর ওডিআইতে ফিরেই দুর্দান্ত বোলিংয়ে ওয়েস্ট ইন্ডিজকে ১৭৮ রানের বেশি করতে দেননি বাংলাদেশের এই বাঁহাতি স্পিনার।

একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে এই প্রথম ৫ উইকেট পেলেন তিনি। জিতেছেন ম্যাচসেরার পুরস্কার।

এমন কীর্তি গড়ার প্রতিক্রিয়ায় তাইজুল জানালেন, ওয়েস্ট ইন্ডিজকে চিরজীবন মনে রাখবেন তিনি।

থাকারই কথা। ২০১৪ সালে তাইজুলের টেস্ট অভিষেক হয় ওয়েস্ট ইন্ডিজে। অভিষেক টেস্টেই নিয়েছিলেন ৫ উইকেট। এবার সে দেশেই পেলেন ওয়ানডে ক্যারিয়ারের প্রথম ৫ উইকেট। তাই এই ওয়েস্ট ইন্ডিজকে সবসময় মনে থাকবে এ বাঁহাতি স্পিনারের।

শনিবার ওয়েস্ট ইন্ডিজকে হোয়াইটওয়াশ করার পর ম্যাচ শেষে তাইজুল বলেছেন, ‘ওয়েস্ট ইন্ডিজে আমার টেস্ট অভিষেক, তখনো ৫ উইকেট পেয়েছিলাম। ওয়ানডেতেও এখানে এসে প্রথম ৫ উইকেট পেলাম। ওয়েস্ট ইন্ডিজে আর আসি বা না আসি, এটি সবসময় আমার মনে থাকবে।’

ক্যারিবীয় অধিনায়ক নিকোলাস পুরানের উইকেট নিয়ে ফাইফার পূরণ হয়

তাইজুলের।

পুরানকে আউট করার উচ্ছ্বাসের ব্যাপারে তাইজুল বলেছেন, ‘পাঁচ উইকেট পাওয়ার অনুভূতি সবসময়ই অন্যরকম থাকে। এটি বলে বোঝানোর মতো নয়। সে জন্যই হয়তো একটু লাফালাফি করেছি (হাসি)। অনেক ভালো লেগেছে।’

গাংনীর সাহারবাটি মাঠে কপির চারা কেঁটে তছরুপ

গাংনীর সারবাটি গ্রামে ছপেত আলী নামের এক কৃষকের বাধাকপির চারা কেটে তছরুপ করেছে দুর্বৃত্তরা। শনিবার দিনগক রাতে সাহারবাটি দক্ষিণপাড়ার মাঠে এ ঘটনা ঘটে।

ছবেত আলী জানান, শনিবার রাতের কোন এক সময় দুইটি বেডের ফুলকপি ও বাধাকপির চারা দেয়া ছিল। সকল দীর্ঘদিনের পরিচর্যার পর দুএক দিনের মধ্যে বীজতলা থেকে চারা জমিতে রোপন করার প্রস্তুতি চলছে। ঠিক এমন মুহুর্তে কে বা কারা দুইটি বেডের বিভিন্ন অংশের চারা কেটে তছরুপ করা হয়েছে। এতে কয়েক লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবী করেছেন কৃষক ছপেত আলী।

অন্যান্য কৃষকরা জানান, সাহারবাটির মাঠে মাঝে মধ্যেই ফসল কেটে তুছরুপাতের ঘটনা ঘটেই চলেছে। এভঅবে চলতে থাকলে কুষকরা আবাদে আগ্রহ হারাবে। তবে মাঠের ফসল তছরুপকারিদের খুজে বের করে আইনের আওতায় আনার দাবী করেন তারা।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, এবিষয়ে এখন পর্যন্ত কেউ অভিযৈাগ করেনি। অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে পুলিশের অভিযানে পরোয়ানাভূক্ত ২ জন গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ২ আসামী গ্রেফতার হয়েছেন।

এদের মধ্যে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ জন ও সিআর মামলায় ১ জন আসামী রয়েছে।

সদর থানার ভারপ্রাপ্ত ওসি মেজবাহ উদ্দীন আহম্মেদের নেতৃত্বে পুলিশের পৃথক ইউনিট শনিবার সকাল থেকে আজ রবিবার (১৭ জুলাই) ভোররাত পর্যন্ত সদর ◌্উপজেলার পৃথক স্থানে অভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার করে।
এসময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা এফআইআরভূক্ত হয়েছে।

সদর থানার ভারপ্রাপ্ত ওসি মেজবাহ উদ্দীন আহম্মেদ এ তথ্য নিশ্চিত করে বলেছেন গ্রেফতারকৃত আসামীদের আজ রবিবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছ।

মেহেরপুরে প্রতিবন্ধীকে পিটিয়েছে ওয়ার্ড আ.লীগ সভাপতি

মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামে আওয়ামী লীগের সভাপতির বিরুদ্ধে এক বিধবা নারীর সাথে অনৈতিক কথা প্রচার করার অপরাধে মাঞ্জারুল ইসলাম নামের এক প্রতিবন্ধীকে পিটিয়ে আহত করেছেন আওয়ামী লীগের গ্রাম কমিটির সভাপতি মুক্তি মিয়া।

গত শুক্রবার প্রতিবন্ধী মাঞ্জারুল ইসলামকে মুক্তি মিয়া তার ছেলে হৃদয়, ভাস্তে মিরাজ ও টিপু বেদম প্রহার করে। এতে তার হাতের আঙ্গুল ও কানের পাশে ফেটে যায়।

এঘটনায় প্রতিবন্ধী মাঞ্জারুল ইসলাম রাজনগর গ্রাম আওয়ামী লীগের

সভাপতি মুক্তি মিয়ার বিরুদ্ধে নারী কেলেংকারী, মাদক বিক্রি, স্থানীয় চোর ডাকাতদের আশ্রয়দান ও এলাকার মানুষকে মামলায় ফাঁসিয়ে অর্থ আদায়ের অভিযোগ আনেন। এরপর শুরু হয়েছে নানা আলোচনা, সমালোচনা।

মাঞ্জারুল ইসলাম আরও বলেন, রাজনগর গ্রামের মৃত কর্ণেলের স্ত্রী আমার খালা শাশুড়ি হন। স্বামী মারা যাওয়ার পর মুক্তি মিয়ার তার সাথে অনৈতিক সম্পর্কে জড়িয়ে পড়েন। তাকে বারবার নিষেধ করার পরেও মুক্তি মিয়া কথা শোনেনি।

এলাকার লোকজনও তাকে বারবার নিষেধ করেছেন। সাম্প্রতিক সময়ে ওই বিধবা নারীর সাথে একটি ছবি বিভিন্ন মোবাইল ফোনে ছড়িয়ে পড়ে।

এছাড়া তার একটি ট্রাক ফেনসিডিলসহ ফরিদপুরে র্যাবের হাতে ধরা পড়ে গত বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে। এবিষয় আমি অন্য মানুষের সামনে প্রকাশ করাই আমাকে মারধর করে মুক্তি মিয়া, তার ছেলে ও ভাস্তেরা।

আওয়ামী লীগ নেতা মুক্তি মিয়া তার বিরুদ্ধে মাদক বিক্রি ও চোর ডাকাতদের আশ্রয় প্রশয় ও মামলায় ফাঁসিয়ে অর্থ আদায়ের অভিযোগ মিথ্যা দাবী করেছেন।

তবে, বিধবার সাথের ওই ছবিটি ৬/৭ মাস আগের দাবী করে তিনি বলেন, মাঞ্জারুল ইসলাম ওই ছবি দেখিয়ে ৫০ হাজার টাকা চাঁদা দাবী করেছে। তিনি আরও বলেন, মাঞ্জারুল ইসলাম এলাকার একজন শীর্ষ মাদক ব্যবসায়ী। শুধু মাঞ্জারুল নয়, তার মায়ের বিরুদ্ধেও রয়েছে মাদক বিক্রির অভিযোগে একাধিক মামলা।

সে ইজিবাইক চালানোর আড়ালে মাদক ব্যবসা করে থাকেন। সাম্প্রতিক সময়ে তার মা হাজেরা খাতুন হেরোইনসহ গ্রেফতার হয়ে হাজত খেটেছেন। এছাড়া এলাকায় মাঞ্জারুলের নেতৃত্বে ১০/১৫ জনের একটি মাদক বিকিকিনির চক্র রয়েছে।

এদের মধ্যে রাজনগর গ্রামের বেইলিপাড়া এলাকার সাত্তারের ছেলে ছমির উদ্দীন। ছমির উদ্দীন আমার একটি ট্রাক যার নং (ঢাকা মেট্রো ন-১৭-৯৪১০) ভাড়া করে নিয়ে যায়। গত বৃহহস্পতিবার বেলা ১১ টার দিকে সে ফরিদপুর জয়বাংলা তেল পাম্পের সামনে থেকে ৪৮৪ বোতল ফেনসিডিলসহ আটক হয়েছে।

এঘটনায় ফরিদপুরে একটি মাদক আইনে মামলাও হয়েছে। মামলার প্রধান

আসামী ফরিদপুরের আরিফ হোসেন। ফরিদপুরের আরিফ হোসেনের সাথে রাজনগর গ্রামের বেশ কয়েকজন ফেনসিডিল ব্যবসা করেন।

এব্যাপারে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত ওসি মেজবাহ উদ্দীন আহম্মেদ বলেন, মাঞ্জারুল ও মুক্তি মিয়ার বিরুদ্ধে মাদকের অভিযোগ রয়েছে। তাদের দুজনের বিরুদ্ধেই খোঁজ খবর নেয়া হচ্ছে। তদন্ত করার পর আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

আলমডাঙ্গায় শরিকানা জমি নিয়ে বিরোধ, অবরুদ্ধ দুটি পরিবার

আলমডাঙ্গায় শরিকানা জমি নিয়ে বিরোধের জেরে আপন ৬ ভাই মিলে দুই ভাইকে বেড়া দিয়ে গৃহবন্দি করে রেখেছে বলে অভিযোগ উঠেছে। ঘটনাটি আলমডাঙ্গা উপজেলার বাড়াদি স্কুলপাড়ায় ঘটেছে।

চলাচলের পথ বন্ধ করায় বিপাকে পড়েছে দুটি পরিবার। এ ঘটনায় সহিংসতার শঙ্কা প্রকাশ করেছে স্থানীয়রা। জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি গ্রামের মৃত ফিতাজের দুই ছেলে আ.খলিল ও আ.রশিদ স্কুল প্রাঙ্গণে বসবাস করে আসছে।

দুটি পরিবার প্রায় ২৭ বছর যাবৎ মায়ের শরিকানা জমিতে বসবাস করে। ইতো মধ্যে দুই ভাই পাঁকা বাড়ি নির্মাণ করেছে। এদিকে, রশিদের ৬ ভাই রবিউল, করিম, রহিম, আজম, হাফিজুল ও দেলোয়ার মায়ের শরিকানার অন্যত্র জমিতে বসবাস করে। খলিল ও রশিদের মা মৃত সাহারী খাতুনের তিনটি দাগে ৬৯ শতক জমি রয়েছে। ওই জমিতে ৮ ভাই বসবাস করে আসছে।

দীর্ঘদিন বসবাস করে আসলেও গত কয়েক বছর পূর্বে স্কুল প্রাঙ্গণের জমির দলিল জাল করে করিমের বিরুদ্ধে বিক্রয়ের অভিযোগ করে রশিদ। এরপরেই তাদের দুই বোনের শরিকানা জমি ক্রয় করে রশিদ ও খলিল। এরই সূত্র ধরে রশিদ ও খলিলের নিকট শরিকানা জমির দাবিতে তার ৬ ভাই বাঁশের বেড়া দিয়েছে। এতে ২ টি পরিবার গৃহবন্দি হয়ে পড়েছে। এরই কারণে সহিংসতার আশঙ্কা করছে স্থানীয়রা।

এবিষয়ে ইউপি সদস্য হাসিবুল ইসলাম বলেন, শরিকানা জমি নিয়ে ভাই ভাই বিরোধ চলে আসছে। শুনেছি রশিদ ও খলিলের বাড়ির সামনে বাঁশের বেড়া দিয়েছে।

গাংনীর তেরাইলে ১৩ বছর বয়সী গৃহবধু খাদিজার আত্মহত্যা

মাত্র ১০ বছর বয়সে প্রেম করে বিয়ে। এখন তার বয়স ১৩ বছর। অল্প বয়সে বিয়ের কারণে শরীরে তার নানা ধরণের অসুখে বাসা বেধেছিল। দুই বছর আগেও হাত পা পড়ে গিয়েছিল খাদিজার। গ্রামের সবাই জানে জ্বীন পরীর আছর আছে তার শরীরে। এমন কথা শোনালেন খাদিজা খাতুনের মা শ্যামলী খাতুন।

গাংনী উপজেলার তেরাইল বাগানপাড়া এলাকার খাদিজা খাতুন(১৩) নামের এক গৃহবধু গলাই ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে।খাদিজা খাতুন তেরাইল গ্রামের কৃষক কামরান ফারাজীর স্ত্রী ও সৌদী প্রবাসী আবুল কালামের মেয়ে।

আজ শনিবার (১৬ জুলাই) দুপুরের দিকে খাদিজা খাতুন তার নিজ ঘরের আড়ার সাথে গলাই ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে।

খাদিজা খাতুনের মা শ্যামলী খাতুন বলেন, আমার মেয়ে পেটের পিড়ায় ভূগছিল। তাকে বিভিন্ন সময়ে স্থানীয় ডাক্তার ও কবিরাজের কাছেও চিকিৎসা করা হচ্ছিল। তার শরীরে জ্বীনের আছড় আছে। কি কারণে সে আত্মহত্যা করেছে আমরা পরিবারের পক্ষ থেকে কেউ বলতে পারছিনা।

খাদিজার স্বামী কামরান ফারাজী বলেন, আমরা প্রেম করে বিয়ে করেছি। খাদিজা বয়সে ছোট তাই পরিবারের সবাই তাকে খুব ভালবাসে। সকালে আমি খেয়ে মাঠে গেছি। দুপুরের দিকে তার আত্মহত্যার খবর পাই।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, খবর পেয়ে পুলিশের একটি টীম ঘটনাস্থলে পাঠানো হয়েছে।

রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের এ্যানেসথেসিয়া কনসালটেন্ট ডা.

মশিউর রহমান বলেন, অল্প বয়সে মেয়েদের বিয়ে হলে সামাজিক ও মানুষিক চাপ থেকে আত্মহত্যার প্রবণতা আেসেত পারে। অল্প বয়সে বিয়ে হলে স্বামীর সেস্কচুয়্যাল বা অন্যান্য মানষিক চাপের কারণে ও সংসারের বিভিন্ন চাপেও আত্মহত্যার প্রবণতা আসতে পারে। কোনো কোনো সময় পরিবারের লোকজনের কটুক্তির কারণেও আত্মহত্যার প্রবণতা আসতে পারে। এজন্য পরিবারের সবাইকেই সচেতন হতে হবে। এবং বাল্য বিবাহ যাতে করে না হয় সেব্যাপারে সবাইকে সচেতন হতে হবে।